

■■ আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ أمور يفعلها بعض الناس وهي من الشرك أو من وسائله মানুষ এমন কাজ করে, যা সরাসরি শিরক কিংবা শিরকের মাধ্যম

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

و دفعه الجاء أو دفعه البلاء أو دفعه _ أولا: لبس الحلقة والخيط ونحوهما بقصد رفع البلاء أو دفعه _ والخيط ونحوهما بقصد رفع البلاء أو دفعه علاء على البلاء أو دفعه على

এগুলো জাহেলী যুগের কাজ। এগুলো পরিধান করা ছোট শিরকের অন্তর্ভুক্ত। তবে এগুলো পরিধানকারীদের অন্তরের অবস্থা ও আকীদা অনুপাতে বড় শিরকের স্তরে পৌঁছতে পারে। সাহাবী ইমরান ইবনে হুসাইন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেন,

أن النبي صلى الله صلى الله عليه وسلم رَأَى رَجُلاً فِي يَدِهِ حَلْقَةٌ مِنْ صُفْرٍ فَقَالَ مَا هَذِهِ الْحَلْقَةُ قَالَ هَذِهِ مِنَ الْوَاهِنَةِ قَالَ انْزعْهَا فَإِنَّهَا لاَ تَزيدُكَ إلاَّ وَهْنَا

"নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তির হাতে পিতলের একটি বালা দেখলেন। তাকে জিজ্ঞাসা করলেন, এটা কি?" লোকটি বললো, এটা দুর্বলতা দূর করার জন্য পরিধান করা হয়েছে। তিনি বললেন, এটা খুলে ফেল। কারণ এটা তোমার দুর্বলতাকে আরো বৃদ্ধি করবে। আর এটা তোমার সাথে থাকা অবস্থায় যদি তোমার মৃত্যু হয়, তাহলে তুমি কখনো সফলকাম হতে পারবে না"।[1]

ইমাম আহমাদ ইবনে হান্বাল রহিমাহুল্লাহ ত্রুটিমূক্ত সনদে হাদীছটি বর্ণনা করেছেন। ইমাম ইবনে হিববান ও হাকেম সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী হাকেমের কথাতে সহমত পোষণ করেছেন।

[1]. মুসনাদে আহমাদ, ইবনে মাজাহ। ইমাম আলবানী (রহি.) এই হাদীছটিকে যঈফ বলেছেন। দেখুন: সিলসিলা যঈফা, হাদীছ নং- ২১৯৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13222

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন